উন্নয়নের অক্সিজেন রাজস্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

জনকল্যাণে রাজস্ব

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ১৩ আগস্ট ২০১৭ খ্রিষ্টাব্দ

রাজস্ব ফাঁকি রোধে এনবিআরের চেয়ারম্যানের ৮ দফা নির্দেশনা, এনবিআরের গোয়েন্দা মহাপরিচালকদের কঠোরভাবে পরিপালনের নির্দেশ।

আয়কর, শুল্ক ও ভ্যাট ফাঁকির তদন্ত পরিচালনা এবং এ সংক্রান্ত কার্যক্রমকে অধিকতর গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে আজ ১৩ আগস্ট, ২০১৭ খ্রিঃ তারিখ রোজ রবিবার দুপুর ১২.৩০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের কক্ষে কেন্দ্রীয় গোয়েন্দা সেল (সিআইসি), শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর ও ভ্যাট গোয়েন্দা অধিদপ্তর এর মহাপরিচালকদের সাথে এক সভা অনুষ্ঠিত হয়। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান সভায় সভাপতিত্ব করেন। সভায় মহাপরিচালক, কেন্দ্রীয় গোয়েন্দা সেল (সিআইসি) জনাব মো. বেলাল উদ্দিন, মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর ড. মইনুল খান এবং মহাপরিচালক, ভ্যাট গোয়েন্দা ও নিরীক্ষা অধিদপ্তর ড. মো. আল-আমিন প্রামানিক উপস্থিত ছিলেন।

সভায় এনবিআরের গোয়েন্দা মহাপরিচালকগণ তাঁদের নিজ নিজ অধিক্ষেত্রের আওতাধীন রাজস্ব ফাঁকির তদন্ত কার্যক্রমের আলোকপাত করেন। মাঠ পর্যায়ে গোয়েন্দা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন সমস্যা, চ্যালেঞ্জ ও অন্যান্য বিষয়াদির বিস্তারিত পর্যালোচনা করা হয়। পর্যালোচনা শেষে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড মো. নজিবুর রহমান রাজস্ব ফাঁকির বিষয়ে মহাপরিচালকগণকে বিশেষ মনোযোগী হতে নিম্নোক্ত ০৮ দফা নির্দেশনা প্রদান করেন ঃ

- অর্থপাচার রোধে সরকারের সকল পক্ষের সঙ্গে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা পূর্বক মাঠ পর্যায়ে নজরদারি বৃদ্ধি করে অর্থপাচারকারীদের চিহ্নিত করণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- দেশের স্থল, নৌ ও বিমানবন্দরগুলো সূচারু ও তীক্ষ্ণ নজরদারির আওতায় আনা;
- দেশের অর্থনীতির গুরুত্বপূর্ণ প্রাণ কেন্দ্র বন্দরগুলো যাতে কোন ভাবেই চোরাকারবারিদের বিচরণ ক্ষেত্র না হতে পারে তা নিশ্চিত করা;
- ভ্যাট ফাঁকি রোধ করে পণ্যের প্রকৃত উৎপাদন ও তার থেকে নির্দিষ্টহারে ভ্যাট আদায় নিশ্চিত করতে ভ্যাট গোয়েন্দা কার্যক্রম জোরদার করা;
- আয়কর, ভ্যাট ও শুল্ক বাবদ সরকারের প্রাপ্য রাজস্ব আহরণের পর নির্দিষ্ট সময়ের মধ্যে সরকারি কোষাগারে জমা নিশ্চিত করা;
- আয়কর, শুল্ক ও ভ্যাট ফাঁকিবাজদের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত তদন্ত ও পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- কর ফাঁকিবাজ অসৎ ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থার পাশাপাশি সৎ ব্যবসায়ীদের সুরক্ষা নিশ্চিত করা; এবং
- রাজস্ব ফাঁকি রোধে মাঠ পর্যায়ে যে কোন অভিযান পরিচালনার ক্ষেত্রে কেন্দ্রীয় গোয়েন্দা সেল (সিআইসি), শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এবং ভ্যাট গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর সমন্বিতভাবে কাজ করা। প্রয়োজনে যৌথ অভিযান পরিচালনা করা।

এ বিষয়ে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মো. নজিবুর রহমান বলেন, রাজস্ব আহরণে অধিকতর গতিশীলতা আনয়ন এবং করদাতাবান্ধব পরিবেশ সৃজনের জন্য অনুসৃত 'সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা' (Good Governance and Modern Management) কাঠামোর আওতায় জাতীয় রাজস্ব বোর্ড রাজস্ব আদায়ের ক্ষেত্রে 'দুষ্টের দমন ও শিষ্টের পালন' নীতি অনুসরণ করছে। করদাতাগণের প্রদত্ত রাজস্বই সরকারের উন্নয়ন কার্যক্রমের প্রধান চালিকাশক্তি। একটি কর-বান্ধব, জন-বান্ধব ও ব্যবসা-বান্ধব তথা উন্নয়ন-বান্ধব পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড ও সম্মানিত করদাতাগণ একে অপরের পরিপূরক হিসেবে কাজ করে। যথাযথ রাজস্ব পরিশোধ ও তা জনগণের পক্ষে সুষ্ঠুভাবে আদায় করা যথাক্রমে করদাতা প্রতিষ্ঠান ও জাতীয় রাজস্ব বোর্ডের অন্যতম দায়িত্ব। জনকল্যাণে রাজস্ব আহরণে জাতীয় রাজস্ব বোর্ড সঠিকহারে রাজস্ব প্রদানকারী ব্যবসায়ীদের সর্বোচ্চ প্রণোদনা এবং কর-খেলাপীদের বিরুদ্ধে কঠোর নীতি অনুসরণ করছে।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

(সৈয়দ এ. মুমেন)
সিনিয়র তথ্য অফিসার

প্রাপকঃ
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।